গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান যুগ্মসচিব (সিপি অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৮ আগস্ট, ২০২২
সভার সময়	১২.০০ ঘটিকা।
স্থান	যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৭, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসরণ করে অত্র মন্ত্রণালয়ের কার্যক্রম ও পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জন এবং ইনোভেশন কার্যক্রমকে আরো ফলপ্রসূ করবার লক্ষ্যে কমিটির কার্যপরিধি অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। করণীয় নির্ধারণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সহযোগিতা প্রয়োজন মর্মে তিনি ইনোভেশন টিমের সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।

০২। এ পর্যায়ে ইনোভেশন কমিটির সদস্য-সচিব, সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.১.১ অনুসারে আগামী ৪ মে ২০২৩-এর মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা সহজিকরণ অথবা ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগে পত্র প্রদানের মাধ্যমে উদ্ভাবনী ধারণা সংগ্রহ করা যেতে পারে বলে সভায় সদস্যবৃন্দ মতামত ব্যক্ত করেন। প্রাপ্ত ধারণাসমূহের মধ্য হতে বাস্তবায়নযোগ্য ধারণা চিহ্নিত করে কর্মশালা আয়োজনের মাধ্যমে বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করা যেতে পারে বলে উপসচিব, প্রশাসন-১ মত প্রকাশ করেন।

০৩। ই-গভনের্ন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.২.১ অনুসারে 'ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা' সংক্রান্ত কার্যক্রমটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সদস্য-সচিব সভাকে জানান, উক্ত ডাটাবেজ প্রস্তুতের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোমধ্যে সুনির্দিষ্ট ছক পাওয়া গেছে। ছকটিতে বাস্তবায়িত ধারণার নাম, সংক্ষিপ্ত বিবরণ, সেবাটি কার্যকর আছে কিনা, না থাকলে তার কারণ, সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা, সেবার লিঙ্ক ও মন্তব্য সহ সাতটি কলাম রয়েছে। উপসচিব সওব্য-১ বলেন ই-গভনের্ন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.২.২ বাস্তবায়নের নিমিত্ত প্রস্তুতকৃত ডাটাবেজের সেবাসমূহকে আবশ্যিকভাবে চালু রাখতে হবে।

০৪। কমিটির সদস্য সচিব সভাকে আরও জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ২৯ জুন, ২০২২ তারিখে অত্র মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় ৩.১.১ আলোচনার পরিপ্রেক্ষিতে উদ্ভাবনী ধারণাসমূহকে ওয়েবসাইটে প্রদর্শনের মাধ্যমে ভার্চুয়ালী সংরক্ষণ করার নিমিত্ত একটি 'ইনোভেশন ব্যাংক' করার সিদ্ধান্ত (সিদ্ধান্ত-খ) গৃহীত হয়েছে। ইতোমধ্যে জনপ্রশাসন পদকপ্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ এবং অত্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় বাস্তবায়িত উদ্ভাবনী

ধারণাসমূহের তথ্য সন্নিবেশিত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পৃথক একটি ইনোভেশন ব্যংক তৈরী করা যেতে পারে মর্মে সভাপতি মত প্রকাশ করেন।

০৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করার সিদ্ধান্ত এর বিষয়ে সদস্য-সচিব সভাকে বলেন মন্ত্রণালয়ের উদ্ভাবনী তহবিলের বরাদ্দের মাধ্যমে বিভাগীয় পর্যায়ে সকল দপ্তরসমূহ নিয়ে দুই দিনব্যাপী উদ্ভাবন শোকেসিং মেলা আয়োজিত হয়েছে। উক্ত শোকেসিং এর মাধ্যমে সকল বিভাগের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী উদ্যোগসমূহ বাছাই করা হয়েছে। এ সকল বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ জুম প্লাটফর্মে ব্যবহার করে সকল জেলা প্রশাসক অথবা তাদের প্রতিনিধির উপস্থিতিতে বিস্তারিতভাবে উপস্থাপন করা হলে অন্যান্য জেলাসমূহ এ সকল উদ্যোগ বাস্তবায়নে উৎসাহী হতে পারে। এরূপ কোন আগ্রহী জেলা পাওয়া গেলে উক্ত জেলায় নির্বাচিত উদ্ভাবনী ধারণাটি পাইলট আকারে বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় সহায়তা প্রদান করতে পারে।

০৬। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তসমূহ:</u>

ক) উদ্ভাবনী ধারণা নির্বাচনের লক্ষ্যে সকল অনুবিভাগে পত্র দিতে হবে। প্রস্তাব প্রাপ্তির পরিপ্রেক্ষিতে প্রস্তাব-উপস্থাপনকারী কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে কর্মশালা আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করে ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

খ) সকল অনুবিভাগে পত্র প্রেরণের মাধ্যমে সুনির্দিষ্ট ছক মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সংগ্রহ করে ডেটাবেজ প্রস্তুত করতে হবে।

গ) ইতোমধ্যে জনপ্রশাসন পদকপ্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ এবং অত্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সমূহের তথ্য সন্নিবেশিত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পৃথক একটি ইনোভেশন ব্যংক তৈরী করতে হবে ও ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

ঘ) বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগসমূহ জুম প্লাটফর্মে সকল জেলা প্রশাসক অথবা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে উপস্থাপন করে সম্ভাব্যতা বিবেচনা করে পাইলটিং এর ব্যবস্থা করতে হবে।

০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিপি অধিশাখা) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৩.২২.১৩০

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯
০৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) সিনিয়র সহকারী সচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

১০) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব, সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব

২৮/০৮/২০২২ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় উপস্থিত কর্মকর্তাগণ :

ক্র. নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
১.	মো: এনামুল হক উপসচিব, প্রশাসন-১	01710965133 anam2151@gmail.com	[signature] 28.08.22
২.	মো: সাইদুল ইসলাম উপসচিব সওব-২ শাখা	01711266085	[signature] 28-8-22
৩.	মো: নূরুল হক উপসচিব (প্রশাসন-২)	01717-136868	[signature] 28-8-22
৪.	মোহাম্মদ আরিফুল কবীর উপসচিব, পরিকল্পনা-৩ জনপ্রশাসন মন্ত্রণালয়,	০১৭৯৮৮০২৬৭৮	[signature]
৫.	মুহাম্মদ ওয়াহিদুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়,	01711321504	[signature]

ক্র. নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
৬.	কাজী মোহাম্মদ চাহেল তস্তুরী উপসচিব, শাখা-১ জনপ্রশাসন মন্ত্রণালয়	01716077371 Kazimohammedchahel@gmail.com	28/08/2022
৭.			
৮.			
৯.			
১০.			
১১.			